ISO 9001:2015
Cirtified

শেখ হাসিনার উদ্যোগ

# কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
Comilla Palli Bidyut Samity-1

সদর দপ্তর
চান্দিনা, কুমিল্লা
ফোনঃ ০৮০২২ ৫৬১৩১
০৮০২২ ৫৬১৪৩
E-mail: comillapbs01@gmail.com
Web: pbs1.comilla.gov.bd

স্মারক নং-২৭.১২.১৯২৭.৫০৩.০২.০০৮.২০২৪. ১৮৩৬

তারিখঃ ১৬ বেশাখ ১৪৩১ বঙ্গাব্দ / ২৯ এপ্রিল ২০২৪ খ্রিঃ

## ‘‘আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি’’

**বিষয়ঃ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি।**

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নোক্ত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে ইতিপূর্বে কর্মরত মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণের নিকট হতে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | ২৫ (পঁচিশ) টি (কম/বেশী হতে পারে) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০.০০ হতে ২৬,৪৮০.০০ টাকা বেতন পরিধীতে/সর্বশেষ কর্মস্থলের প্রাপ্ত বেতনসহ পবিস নির্দেশিকা সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রদেয় হবে। | ০১। **বয়স সীমাঃ** প্রার্থীর বয়স সীমা ১৫-০৫-২০২৪ খ্রিঃ তারিখে সর্বোচ্চ ৫২ (বায়ান্ন) বছর হতে হবে তবে সর্বোচ্চ নবম চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চাকুরী করতে পারবেন।<br>০২। **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬ (ছয়) বছর/০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>০৩। **অন্যান্য যোগ্যতাঃ**<br>ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহণে সক্ষম) হতে হবে।<br>খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>গ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।<br>ঘ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপ্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে। |

**শর্তাবলীঃ**

০১। **আবেদন পত্র পূরণ ও জমাদানঃ**

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট (www.pbs1.comilla.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ ভার্সন-২) A 4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরন করে আগামী ১৫-০৫-২০২৪ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দিনা, কুমিল্লা এর ঠিকানায় প্রয়োজনীয় কাগজপত্রসহ ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহনযোগ্য হবে না। এছাড়াও সাদা কাগজে লিখিত বা টাইপকৃত আবেদন পত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনও বাতিল বলে গণ্য হবে।

০২। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

ক) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি।

গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি।

ঘ) স্থানীয় ইউনিয়ন/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

ঙ) প্রথম শ্রেনির গেজেটেড অফিসার অথবা বিআরইবি/পবিস কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতা সনদ সংশ্লিষ্ট পবিসের এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত করতে হবে।

০৩। অন্যান্য শর্তাবলীঃ

ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে সমিতির অনুকূলে ১০,০০০.০০/- (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ নিয়মানুযায়ী ফেরত দেয়া হবে।

খ) জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের পবিস মানব সম্পদ পরিদপ্তরের স্মারক নং- ২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখঃ ১২-১১-২০১৮ খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে এবং বাপবিবোর্ডের সর্বশেষ নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।

গ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/করছেন) উল্লেখ করতে হবে।

ঘ) যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

ঙ) অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রী অথবা উভয়ের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই।

চ) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে যারা বর্তমানে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত আছেন তারা অত্র পবিসে আবেদন জমাদানের শেষ তারিখ অর্থাৎ ১৫-০৫-২০২৪ খ্রিঃ তারিখে যাদের চুক্তির মেয়াদ ০৩ (তিন) মাস আছে তারাও যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন।

ছ) কোন সমিতি হতে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন কারণে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) যদি স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

জ) প্রতারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে আবেদন করলে/নিয়োগপ্রাপ্ত হলে এবং তা প্রমাণিত হলে কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই তাকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ।

ঝ) অসম্পূর্ণ/ভূল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

ঞ) কুমিল্লা জেলায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

ট) ইতোমধ্যে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল করা হবে।

ঠ) চুক্তিভিত্তিতে নিয়োগ প্রাপ্ত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্যই বলবৎ থাকবে, যা কখনও কোনক্রমেই নিয়মিত হবে না।

ড) প্রাপ্ত আবেদনপত্র বাছাইকার্য সম্পাদনের পর বর্তমান শূন্য পদের সংখ্যা ও পরবর্তী ০১ (এক) বৎসরের সম্ভাব্য চাহিদাকৃত পদের সংখ্যার ভিত্তিতে প্যানেল প্রস্তুত করা হবে।

ঢ) বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

22/08/24

(মোহাম্মদ আবু রায়হান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ

০১। নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
০৩। পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
০৪। একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
০৫। নোটিশ বোর্ড, ওয়েব সাইট, কুমিল্লা পবিস-১।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন।
০৭। জেলা প্রশাসক, কুমিল্লা।
০৮। পুলিশ সুপার, কুমিল্লা।
০৯। জেনারেল ম্যানেজার/সিনিয়র জেনারেল ম্যানেজার..................পবিস ১/২/৩/৪।
১০। ডিজিএম (কোম্পানীগঞ্জ/দেবিদ্বার/বরুড়া/বাঙ্গারা)/সদর কারিগরী, কুমিল্লা পবিস-১।
১১। এজিএম (ইএন্ডসি/ওএন্ডএম/পিএন্ডএম/প্রশাসন/এইচআর/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/সদস্য সেবা/আইটি), কুমিল্লা পবিস-১।
১২। এজিএম (ওএন্ডএম), নবাবপুর/পয়ালগাছা/মুরাদনগর/রামমোহন/কুটুম্বপুর সাব-জোনাল অফিস, কুমিল্লা পবিস-১।
১৩। অফিস কপি / মাস্টার কপি।

22/08/24

(মোহাম্মদ আবু রায়হান)
জেনারেল ম্যানেজার

পমাসপ ১১০-০০২
ভার্সন: ১
অনুমোদিত ২৭/০৪/২০১৪

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম।
(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চান্দিনা, কুমিল্লা।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- ...... ........................................ ........................................

২. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে) ........................................ ৩. পদের ধরণ ........................................

৪. বিজ্ঞাপনের সূত্রঃ ........................................ ........................................ ৫. প্রকাশনার তারিখঃ ........................................

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) ........................................ (বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

৭. জন্ম তারিখ (এসএসসি সনদ/নিবন্ধন অনুযায়ী) ........................................ (দিন/মাস/বছর)

৮. মাতার নাম ........................................

৯. বয়স (১৫-০৫-২০২৪ খ্রিঃ তারিখে) ........................................

১০. পিতার নাম ........................................

১১. ধর্ম ........................................

১২. জাতীয়তা ........................................

১৩. নিজ জেলা

১৪. টেলিফোন/ মোবাইল নম্বর

১৫. বৈবাহিক অবস্থা টিক(√)দিন [ ] বিবাহিত [ ] অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন ঃ

[ ] মহিলা
[ ] মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যা
[ ] মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যার পুত্র /
[ ] এতিম ও শারীরিক প্রতিবন্ধি
[ ] উপজাতি
[ ] আনসার ও গ্রাম প্রতিরক্ষা
[ ] অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

........................................ ........................................ ........................................ ........................................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/ নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

........................................ ........................................ ........................................ ........................................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

১৯. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | জিপিএ/সিজিপিএ/বিভাগ/শ্রেণী | সার্টিফিকেট অর্জনের বছর |
|---|---|---|---|
| এসএসসি/সমমান | | | |
| এইচএসসি/সমমান | | | |

২০. অভিজ্ঞতার বিবরণ(সনদ দ্বারা সমর্থিত হতে হবে)ঃ

২১. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |

২২. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যাক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নং (ই-মেইল ঠিকানা যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

২৩. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য(পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে)ঃ

| কর্মরত পবিসের নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি-না(হ্যাঁ/না) জবাব হ্যাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ(গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদন পত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবো/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো/পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা,জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ০২(দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদসমূহ প্রদর্শন করতে বাধ্য থাকবো।

--------------------------------      ----------------------------------------

তারিখ      আবেদনকারীর স্বাক্ষর

বিঃ দ্রঃ সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।